

💵 সুনান আদ-দারাকুতনী

হাদিস নাম্বারঃ ৫০৬

১. পবিত্রতা (کتاب الطهارة)

পরিচ্ছেদঃ ৫৪. নারীর যৌনাঙ্গ ও পশ্চাদ্বার এবং পুরুষাঙ্গ স্পর্শ করা সম্পর্কিত বর্ণনা এবং তার বিধান

بَابُ مَا رُوِيَ فِي لَمْسِ الْقُبُلِ وَالدُّبُرِ وَالذَّكَرِ ، وَالْحُكْمُ فِي ذَلِكَ

আরবী

حَدَّثَنَا عَبْدُ اللَّهِ بْنُ مُحَمَّد بْنِ عَبْدِ الْعَزِيزِ ، حَدَّثَنَا الْحَكَمُ بْنُ مُوسَى ، نَا شُعَيْبُ بْنُ إِسْحَاقَ ، أَخْبَرَنِي هِشَامُ بْنُ عُرْوَةَ ، عَنْ أَبِيهِ ؛ أَنَّ مَرْوَانَ حَدَّتُهُ ، عَنْ بُسْرَةَ بِنْتِ صَفْوَانَ ، وَكَانَتْ قَدْ صَحِبَتِ النَّبِيَّ _ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ _ ؛ أَنَّ النَّبِيَّ _ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ _ ؛ أَنَّ النَّبِيَّ _ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ _ قَالَ " إِذَا مَسَّ أَحَدُكُمْ ذَكَرَهُ ، فَلَا يُصِلِّينَ حَتَّى يَتَوَضَّا اللَّهِ عَالَ " فَأَنْكَرَ ذَلِكَ عُرْوَةُ ، فَسَأَلَ بُسْرَةَ ، فَصَدَّقَتْهُ بِمَا قَالَ . هَذَا صَحِيحٌ . تَابَعَهُ رَبِيعَةُ بْنُ عُثْمَانَ ، وَالْمُنْذِرُ بْنُ عَبْدِ اللَّهِ الْحِزَامِيُّ ، وَعَنْبَسَةُ بْنُ عَبْدِ الْوَاحِدِ ، وَحُمَيْدُ بْنُ الْأَسْوَدِ ، فَرَوَقُهُ عَنْ هِشَامٍ عَبْدِ اللَّهِ الْحِزَامِيُّ ، وَعَنْبَسَةُ بْنُ عَبْدِ الْوَاحِدِ ، وَحُمَيْدُ بْنُ الْأَسْوَدِ ، فَرَوَقُهُ عَنْ هِشَامٍ عَبْدِ اللَّهِ الْحِزَامِيُّ ، وَعَنْبَسَةُ بْنُ عَبْدِ الْوَاحِدِ ، وَحُمَيْدُ بْنُ الْأَسْوَدِ ، فَرَوَقُهُ عَنْ هِشَامٍ عَبْدِ اللَّهِ الْحِزَامِيُّ ، وَعَنْبَسَةُ بْنُ عَبْدِ الْوَاحِدِ ، وَحُمَيْدُ بْنُ الْأَسْوَدِ ، فَرَوَقُ هُ عَنْ هِشَامٍ هَكَذَا ، عَنْ أَبِيهِ ، عَنْ مَرْوَانَ ، عَنْ بُسْرَةَ ، قَالَ عُرْوَةُ : فَسَأَلْتُ بُسُرَةَ بَعْدَ ذَلِكَ ،

বাংলা

৫০৬(১). আবদুল্লাহ ইবনে মুহাম্মাদ ইবনে আবদুল আযীয (রহঃ) ... সাফওয়ান-কন্যা বুসরা (রাঃ) থেকে বর্ণিত। তিনি নবী সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম এর সাহচর্য লাভ করেছেন। নবী সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম বলেনঃ তোমাদের কেউ (উযু করার পর) নিজ লজ্জাস্থান স্পর্শ করলে সে যেন (পুনরায়) উযু না করা পর্যন্ত নামায না পড়ে। রাবী বলেন, উরওয়া (রহঃ) বিষয়টি অস্বীকার করে বুসরা (রাঃ)-কে জিজ্ঞেস করেন। তিনি বিষয়টি সত্যায়ন করেন। হাদীসটি সহীহ।

রবীআ ইবনে উসমান, আল-মুন্যির ইবনে আবদুল্লাহ আল-হাযামী, আনবাসা ইবনে আবদুল ওয়াহিদ, হুমাইদ ইবনুল আসওয়াদ প্রমুখ তার অনুসরণ করেছেন এবং তারা এই হাদীস হিশাম-তার পিতা-মারওয়ান-বুসরা (রাঃ) সূত্রে অনুরূপ বর্ণনা করেছেন। উরওয়া (রহঃ) বলেন, পরে আমি বুসরা (রাঃ)-কে এ প্রসঙ্গে জিজ্ঞেস করলে তিনি তার সত্যতা স্বীকার করেন।



ফুটনোট

* ইমাম আবু হানীফা, সুফিয়ান সাওরী ও অধিকাংশ ফিকহবিদের মতে যৌনাঙ্গ স্পর্শ করলে উযু নষ্ট হয় না। তাদের দলীল হলো রাসূলুল্লাহ সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম এর বাণী, "এটা তোমার দেহের একটি টুকরা মাত্র" (আবু দাউদ, তাহারাত, বাব ৭০, নং ১৮২; তিরমিযী, তাহারাত, বাব ৬২, নং ৮৫; নাসাঙ্গী, তাহারাত, বাব ১১৯, নং ১৬৫)। কিন্তু ইমাম শাফিষ্ট ও আহমাদের মতে যৌনাঙ্গ স্পর্শ করলে উযু নষ্ট হয়। তারা আবদুল্লাহ ইবনে উমার (রাঃ) এর হাদীস নিজেদের মতের স্বপক্ষে গ্রহণ করেছেন। (অনুবাদক)।

হাদিসের মান: তাহকীক অপেক্ষমাণ পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ ইসলামিক ফাউন্ডেশন 🛘 বর্ণনাকারীঃ বুসরাহ বিনতে সাফওয়ান (রাঃ)

🚨 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন